

৪৫ নং

তাল--গড়খেম্টা

(জনমে) আর কি দেখা পাব গুরুধন ।  
তোমার শ্রীচরণ ভুলিয়ে কু-কর্মে মজিয়ে হারালেম  
পরম রতন ॥

১। জন্মাবধি অপরাধী, অপবাদের নাই অবধি গো--  
হারালেম ভক্তি রতন ।  
এখন জীর্ণ দেহ ধরিয়ে, কেন আছি বাঁচিয়ে,  
কেন বা হয় না মরণ ॥

২। ভবের বেপারে এসে, আমি সোনা, দিয়ে কিন্লেম  
সীসে গো--  
আত্মসুখে হইয়ে মগন ।

আমার যা ছিল সম্পত্তি ধন, সেধে দিলেম বিসর্জন,  
পূর্বের কথা নাই স্মরণ ॥

৩। ঠক্ বাজারে বেচা কেনা, আমার আসলে হয়েছে  
দেনা গো--

কুহকিনী করিল হরণ ।  
আমায় ছয় জনে জুটিয়ে, মাল নিল লুটিয়ে,  
গারদে রেখে বন্ধন ॥

৪। গোপালচাঁদ কয় শোনরে কৈলাস, ও তুই কেমনে পাবি  
খালাস গো--

রতন পেয়ে করলিনে যতন ।  
তোর কাঁদারই কপাল, কাঁদবি চিরকাল,  
গুরুচাঁদে রাখিস্ স্মরণ ॥

--- কৈলাস হালদার